

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
২। প্ল্যান্টের লে-আউটের কপি।
৩। আলোচ্য কাজের ক্যালকুলেশন এর কপি।
৪। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

বিষয়: Land Development between inside & out side boundary wall at SWTP.

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৪ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাক মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুইটি শোধনাগার এবং প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। শোধনাগার দুইটি অতীব গুরুত্বপূর্ণ কেপিআই ভুক্ত একটি জাতীয় স্থাপনা। অত্র প্ল্যাটে প্রায়শই বিভিন্ন মেডিক্যাল কলেজ, বিশ্ববিদ্যালয়, বিদেশী অতিথি, দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভিজিট করে থাকেন। বিধায় প্ল্যান্টটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা জরুরী প্রয়োজন। সায়েদাবাদ পানি শোধনাগার কেপিআই ভুক্ত একটি জাতীয় স্থাপনা বিধায় শোধনাগারের চারদিকে প্রাইমারী এবং সেকেন্ডারী বাউন্ডারী ওয়াল দ্বারা বেষ্টিত রয়েছে। সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায় যে শোধনাগারের চারদিকে প্রাইমারী এবং সেকেন্ডারী বাউন্ডারী ওয়াল এর ভিতরের দিকে এবং বাহিরের অংশে অনেক ঝোপ-ঝাড় ও ময়লা-আবর্জনা সহ বেশকিছু স্থানে গর্তের সৃষ্টি হয়েছে। এগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন করা সহ বালি ভরাট করা প্রয়োজন। বাউন্ডারী ওয়ালের ভিতরের দিকে এবং বাহিরের দিকে নীচু জায়গা হওয়ায় কারনে বৃষ্টি হলেই পানিতে চারপাশ ভিজে স্যাতসেতে হয়ে যায়। ফলে মশা মাছির উপদ্রব বেড়ে যায় এবং বিভিন্ন রোগ-বাল্যইও বেড়ে যায়। উক্ত প্ল্যান্টের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত G4S এবং আনসার সদস্যরা মৌখিক ভাবে বাউন্ডারী ওয়ালের আশে পাশে নিচু জায়গা গুলো উচু করার জন্য অত্র অফিসে অবহিত করেছেন। তাই শোধনাগারের বাউন্ডারী ওয়ালের চারপাশের ঝোপ-ঝাড় ও ময়লা-আবর্জনা পরিষ্কার-পরিচ্ছন্ন করা, বৃষ্টির পানি যাতে না জমে সেই জন্য মাটি/বালি ভরাট করে জায়গা উচু করা প্রয়োজন।

০২। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,২৩৪.১২৭ (চার লক্ষ আটানব্বই হাজার দুইশত চৌত্রিশ দশমিক এক দুই সাত) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant O&M (কোড নং-০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১০০ এবং প্যাকেজ নং-W-114 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW 2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Land Development between inside & out side boundary wall at SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতি LTM এ দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৪,৯৮,২৩৪.১২৭ (চার লক্ষ আটানব্বই হাজার দুইশত চৌত্রিশ দশমিক এক দুই সাত) টাকা মাত্র এর অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয় সংশোধিত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant O&M (কোড নং-০১-০৪-০১১) খাত হতে নির্বাহের অনুমোদন।

উপরোক্ত প্রস্তাবনা সমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


০৫.০৫.২৫

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


০৫.০৫.২৫
প্রকৌশলী মোঃ শহীদুল আলম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।